

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
প্রশাসন-১(২) অধিশাখা।

সংসদ(প্রঃ-২)-৩৭/২০০৬- ৫৩৫

তারিখ : ০৮ আশ্বিন ১৪১৫  
২৬/০৯/২০০৮

বিষয় : সরকারী মোবাইল/সেলুলার টেলিফোন সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা, ২০০৪-এর সংশোধন।

দাপ্তরিক কাজের সুবিধার্থে মোবাইল ফোনের প্রাধিকার তালিকায় নিম্নবর্ণিত সংশোধন করা হলো :

(১) সরকারী মোবাইল/সেলুলার টেলিফোন সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা-২০০৪ এর প্রাধিকার তালিকায়  
২(ঙ) অনুচ্ছেদে নিম্নরূপ শব্দ সংযোজিত এবং একই সঙ্গে ২(ছ) অনুচ্ছেদ নতুনভাবে সংযোজিত হবে:

২(ঙ) যুগ্ম-সচিব ও উপ-সচিব;  
২(ছ) উপজেলা নিবাহী কর্মকর্তা;

(২) উল্লিখিত নীতিমালায় ৩(চ) এবং ৩(ছ) অনুচ্ছেদ হিসেবে নিম্নবর্ণিত দুটি নতুন অনুচ্ছেদ সংযোজিত হবেঃ

৩(চ) সরকারী কর্মকর্তার সাথে সরকারী প্রয়োজনে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার সুবিধার্থে কর্মকর্তার ব্যবহারে থাকা মোবাইল ফোন সংযোগ নম্বরটি সংশ্লিষ্ট দপ্তর প্রধান/নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে এবং অবহিতকরণের তারিখ হতে তিনি মাসিক ভাতা প্রাপ্য হবেন।

৩(ছ) মাসিক মোবাইল ফোন বাবদ ভাতা প্রাপ্যতা ব্যতীত সরকারের উপর অন্য কোন দায় (যেমন : সেট ক্রয় ও সংযোগ খরচ) বর্তাবে না;

(৩) উল্লিখিত নীতিমালার ৫(ঘ) ও ৫(ঙ) অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত এবং একই সঙ্গে ৫(চ) অনুচ্ছেদ নতুনভাবে সংযোজিত হবেঃ


৫(ঘ) অতিরিক্ত সচিব ও প্রাধিকারপ্রাপ্ত সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা এবং যুগ্ম-সচিবের মোবাইল ফোনের মাসিক ভাতা ৬০০ (ছয়শত) টাকা হবে;

৫(ঙ) উপ-সচিব ও প্রাধিকারপ্রাপ্ত সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মোবাইল ফোনের মাসিক ভাতা ৪০০ (চারশত) টাকা হবে;

৫(চ) উপজেলা নিবাহী কর্মকর্তাগণের মোবাইল ফোনের মাসিক ভাতা ৪০০ (চারশত) টাকা হবে;।

০২। মোবাইল ফোন বাবদ মাসিক ভাতা জাতীয় বেতনস্কেল-২০০৫ অধ্যাদেশটি সংশোধনক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তার মাসিক বেতনের সাথে প্রদানের ব্যবস্থা অর্থ বিভাগ গ্রহণ করবে।

০৩। এই নীতিমালার সংশোধনী/সংযোজনী সমূহ জারীর তারিখ হতে কার্যকর হবে।

  
(মোঃ মোসলেহ উদ্দিন)  
সচিব  
সংস্থাপন মন্ত্রণালয়।

বিতরণঃ

সচিব

-----মন্ত্রণালয় (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
প্রশাসন-১(২) অধিশাখা

সম (প্রঃ-২)-৩৩/২০০৮-২৪২

তারিখঃ ১১/০৩/২০০৯ খ্রিঃ।

বিষয়ঃ সরকারী আবাসিক টেলিফোন নীতিমালা-২০০৮ সংশোধন।

দাপ্তরিক কাজের সুবিধার্থে অর্থ বিভাগের সম্মতির পরিপ্রেক্ষিতে সরকারী আবাসিক টেলিফোন নীতিমালা-২০০৮ এর ৮ (খ), (গ), (ঘ) ও (ঙ) নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধন করা হলোঃ

অনুচ্ছেদ ৮(খ) এ ১২০০ কল এর পরিবর্তে ১৮০০/০০ টাকা

অনুচ্ছেদ ৮(গ) এ ১০০০ কল এর পরিবর্তে ১৫০০/০০ টাকা

অনুচ্ছেদ ৮(ঘ) এ ৮০০ কল এর পরিবর্তে ১২০০/০০ টাকা

অনুচ্ছেদ ৮(ঙ) এ ৬৫০ কল এর পরিবর্তে ৯৭৫/০০ টাকা

০২। এই নীতিমালার সংশোধনীসমূহ জারীর তারিখ হতে কার্যকর হবে।



(ইকবাল মাহমুদ)

সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

বিতরণঃ

সচিব

..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
প্রশাসন-১(২) অধিশাখা।

নং সম(প্রঃ-২) ৩৯/২০০৮-৬৪৫

১৮ কার্তিক, ১৪১৬  
তারিখঃ -----  
০২ নভেম্বর, ২০০৯

বিষয়ঃ সমন্বিত সরকারি টেলিফোন নীতিমালা-২০০৪ সংশোধন।

মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীগণের টেলিফোন, মোবাইল ফোন এবং ইন্টারনেট সংযোগের প্রাপ্যতা অন্তর্ভুক্তকরণের বিষয়ে সমন্বিত সরকারি টেলিফোন নীতিমালা, ২০০৪ নিম্নরূপভাবে সংশোধন করা হলোঃ

(১) দাপ্তরিক টেলিফোন নীতিমালা-২০০৪

এ নীতিমালার প্রাধিকার তালিকায় অনুচ্ছেদ ৩(ক) এর পর ৩(ক)(ক) অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংযোজিত হবেঃ

৩(ক)(ক)ঃ মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী-২x সরাসরি (১টি পিএ সেট)।

(২) সরকারী আবাসিক টেলিফোন নীতিমালা-২০০৪

এ নীতিমালায় নিম্নরূপ প্রতিস্থাপন বা সংযোজন হবেঃ

১) অনুচ্ছেদ -২ এর 'আবাসিক টেলিফোনের প্রাধিকার প্রাপ্ত অফিসার' এর স্থলে 'আবাসিক টেলিফোনের প্রাধিকার' প্রতিস্থাপিত হবেঃ

২) অনুচ্ছেদ-২ (ক) এর পর নিম্নরূপভাবে অনুচ্ছেদ-২(ক)(ক) সংযোজিত হবেঃ

২(ক)(ক)ঃ মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী।

৩) অনুচ্ছেদ-৮ এর "লাইন ভাড়া ও সারচার্জ ব্যতীত নির্ধারিত কলসীমা নিম্নরূপ" বাক্যটির অব্যবহিত নীচে নিম্নরূপ অনুচ্ছেদ ৮(অ) সংযোজিত হবেঃ

৮(অ)ঃ মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী।

কোন কলসীমা থাকিবে না।

(৩) সরকারী ব্যয়ে দাপ্তরিক ইন্টারনেট সংযোগ ও ব্যবহার নীতিমালা-২০০৪

এ নীতিমালায় নিম্নরূপ সংযোজন হবেঃ

১) অনুচ্ছেদ ২(ক) এর পর নিম্নরূপ অনুচ্ছেদ ২(ক)(ক) সংযোজিত হবেঃ

২(ক)(ক)ঃ মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর কার্যালয় ও সরকারি বাসভবন।

২) অনুচ্ছেদ-৫ এর উপ অনুচ্ছেদ-৫ এর পর নিম্নরূপ উপ অনুচ্ছেদ-৬ সংযোজিত হবেঃ  
৫(৬)ঃ ইন্টারনেট ব্যবহারকারী যে কোন প্রযুক্তি ব্যবহার করিতে পারিবেন। তবে বিটিসিএল -এর ইন্টারনেট সংযোগ প্রদানে অগ্রাধিকার দিতে হইবে। মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের ইন্টারনেট সংযোগ প্রদান এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বহন করিবে।

(৪) সরকারী মোবাইল/সেলুলার সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা-২০০৪

এ নীতিমালায় নিম্নরূপ সংযোজন হবেঃ

১) অনুচ্ছেদ-২ এর (ক) এর পূর্বে নিম্নরূপ অনুচ্ছেদ ২ (অ) সংযোজিত হবেঃ


২(অ)ঃ মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী।(আই এস ডি ,এন ডব্লিউডি সংযোগসহ)

২) অনুচ্ছেদ-৩ এর উপ অনুচ্ছেদ-ছ এর পর নিম্নরূপ উপ অনুচ্ছেদ-জ ও ঝ সংযোজিত হবেঃ

৩(জ)ঃ মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সচিব/ সচিব সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের জন্য মোবাইল টেলিফোন সেট ক্রয়ের ক্ষেত্রে সেটের মূল্য সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত মূল্যের অধিক হইবে না। সংস্থাপন মন্ত্রণালয় সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে এইরূপ মূল্য নির্ধারণ করিতে পারিবে। মোবাইল সেট ক্রয় ও এ সংক্রান্ত প্রয়োজনীয় যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বহন করিবে।

৩(ঝ)ঃ মোবাইল সংযোগের ক্ষেত্রে সরকারি খাতের টেলিটকের ব্যবহারকে অগ্রাধিকার দিতে হইবে।

০২। এই নীতিমালার সংশোধনীসমূহ অবিলম্বে কার্যকর হবে।

  
(ইকবাল মাহমুদ)  
সচিব  
সংস্থাপন মন্ত্রণালয়

বিতরণঃ

সচিব

-----  
মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রণালয়  
প্রশ্ন সন-১(২) অধিশাখা।  
[www.v.moestab.gov.bd](http://www.v.moestab.gov.bd)


নং ০৫.১১১.০১০.১০.০০.০৩৯.২০০৮- ৪২০

১০ আষাঢ়, ১৪১৭  
তারিখ : -----  
২৪ জুন, ২০১০

প্রজ্ঞাপন

বিষয়ঃ মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী/সচিব, সচিব সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মোবাইল সেটের মূল্য নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ে অর্থ বিভাগের মতামতে আলোকে নির্দেশক্রমে সরকারি মোবাইল /সেলুলার টেলিফোন সংযোগ ও ব্যবহার সংক্রান্ত সংশোধিত নীতিমালা: ২০০৪ এর ৩(জ) অনুচ্ছেদ মোতাবেক মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী/সচিব/সচিব সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণের মোবাইল সেটের মূল্য ১৫,০০০/- টাকা নির্ধারণ করা হলো।

  
(মোঃ রেজাউল কারিম)  
উপ-সচিব  
ফোন : ৭১৬৫১৫৯  
dsadmin2@moestab.gov.bd

বিতরণঃ

-----

-----  
মন্ত্রণালয় /বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
প্রশাসন-১(২) অধিশাখা

২১ ফাল্গুন, ১৪১৭

নং-০৫.১১১.০১০.০১.০০.০২৩.২০০৭ - ১৬০

তারিখঃ -----

২৩ ফেব্রুয়ারি, ২০১১

**বিষয়ঃ সরকারি মোবাইল/সেলুলার টেলিফোন সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা, ২০০৪ এর সংশোধন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নরূপভাবে সরকারি মোবাইল/সেলুলার টেলিফোন সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা, ২০০৪ সংশোধন করা হলোঃ

০১। সরকারি মোবাইল/সেলুলার টেলিফোন সংযোগ ও ব্যবহার সংক্রান্ত নীতিমালা, ২০০৪- এর অনুচ্ছেদ ২ এর পর ২(১) নিম্নরূপে সংযোজন করা হলোঃ

“ ২(১)ঃ সরকারি মোবাইল/সেলুলার টেলিফোনে ইন্টারন্যাশনাল রোমিং সুবিধার প্রাধিকারঃ

- (ক) মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল);
- (খ) মাননীয় প্রধানমন্ত্রীর বিদেশ সফরকালীন সরকারী সফর সংগী হিসেবে প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তা/সরকারী কর্মকর্তা/ সরকারি প্রতিনিধি দলের সদস্যগণ;
- (গ) সরকারীভাবে বিদেশ সফরকালীন মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব ও একান্ত সচিব-১/২;
- (ঘ) মহামান্য রাষ্ট্রপতির বিদেশ সফরকালীন সময় সরকারী সফরসংগী হিসেবে রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব বা তদুর্ধ্ব পর্যায়ে কর্মকর্তাগণ;”

০২। প্রাধিকার তালিকায় অনুচ্ছেদ ২ এর পর ২(ঙ) অনুচ্ছেদে নিম্নরূপ শব্দ সংযোজিত হলোঃ


“ ২(ঙ)ঃ মন্ত্রণালয়/বিভাগে কর্মরত যুগ্মপ্রধান।

নীতিমালার ৫(ঘ) অনুচ্ছেদে যুগ্মসচিবের পরে “যুগ্মপ্রধান” শব্দটি সংযোজিত হবে।”

০৩। অনুচ্ছেদ- ৩ এর পর নিম্নরূপভাবে ৩(১) সংযোজিত হবেঃ

- “ ক) সরকারি কাজে বিদেশ সফরকালীন আন্তর্জাতিক রোমিং সুবিধার প্রয়োজনে সচিবগণের মোবাইলের কলসীমা/সিলিং থাকবে না।
- (খ) সচিবদের ব্যবহৃত মোবাইলে যে যে অপারেটর রয়েছে, তাঁরা সেটিই রোমিং করতে পারবেন। ”

০৪। এই নীতিমালার সংশোধনীসমূহ জারির তারিখ থেকে কার্যকর হবে।

  
(ইকবাল মাহমুদ)  
সচিব  
সংস্থাপন মন্ত্রণালয়

বিতরণঃ

সচিব

মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
প্রশাসন-১(২) অধিশাখা।  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং ০৫.০০.০০০০.১১১.১০.০৩৩.০৮- ৭৪১

তারিখ : ০৮ পৌষ, ১৪১৮  
২২ ডিসেম্বর, ২০১১

বিষয়ঃ সরকারি আবাসিক টেলিফোন নীতিমালা, ২০০৪ সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নরূপভাবে সরকারি আবাসিক টেলিফোন নীতিমালা, ২০০৪ সংশোধন করা হ'লঃ

১। সরকারি আবাসিক টেলিফোন নীতিমালা, ২০০৪ এর অনুচ্ছেদ ৭ এর পর নিম্নরূপভাবে অনুচ্ছেদ ৭(১) সংযোগ করা হ'লঃ


“৭(১)সরকারি আবাসিক টেলিফোনে ADSL (Asymmetric Digital Subscriber Line) সংযোগ।

(ক) আবাসিক টেলিফোনের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণ আবেদনের প্রেক্ষিতে আবাসিক টেলিফোনে ADSL প্রযুক্তি সংযোগের সুবিধা পাবেন ;

(খ) কোন কর্মকর্তার টেলিফোন বিল ও ADSL সংযোগ বিল প্রাধিকারের মোট সিলিং এর বেশী হলে সংশ্লিষ্ট কর্মকর্তা সিলিং বহির্ভূত অতিরিক্ত বিল ব্যক্তিগতভাবে পরিশোধ করবেন ;

(গ) ADSL প্রযুক্তি ব্যবহারের জন্য প্রয়োজনীয় মডেম এবং সংযোগের আনুষঙ্গিক ব্যয় আবেদনকারী কর্মকর্তা বহন করবেন।”

২। এই নীতিমালার সংশোধনীসমূহ জারীর তারিখ থেকে কার্যকর হবে।

  
(আবদুস সোহহান সিকদার)  
সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়।

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সচিব

মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। সংশোধনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।